



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.১০৭.১২- ১৬৩২২

তারিখঃ ২০/০২/২০১৪ খ্রিঃ

বিষয়ঃ প্রকল্পের সুফলভোগী নির্বাচন ও সমিতি গঠন সংক্রান্ত অফিস আদেশ।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের আওতাভুক্ত উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করা যাচ্ছে যে, প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকার পৃষ্ঠা নং-১০ এ উল্লিখিত কমিটির অনুমোদনক্রমে চলতি অর্থ বছরে নূন্যতম ১৫টি সমিতি গঠন করতে হবে অর্থাৎ ক্রমপুঞ্জিত সমিতির সংখ্যা হবে ৩০টি যার মোট সদস্য সংখ্যা হবে $৩০ \times ৩০ = ৯০০$ জন। লক্ষ্য করা যাচ্ছে যে, চলতি অর্থ বছরের বর্তমান সময় পর্যন্ত সমিতি গঠনের হার খুবই মছুর, তাই সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে চলতি অর্থবছরের মধ্যে (জুন/২০১৪) উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হল। সমিতির সদস্য নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই সতর্কতা অবলম্বন করতে হবে। ভোটার আইডি কার্ড এবং কালার ছবি ব্যতিত কোন সদস্য নির্বাচন করা যাবে না।

২। দমআকভুক্ত ২১টি উপজেলার প্রতিটিতে বর্তমান অর্থ বছরের (জুন/২০১৪) মধ্যে মোট ৩০টি সমিতি কার্যকর করতে হবে অর্থাৎ যে সকল সমিতিতে কার্যকর সদস্য নেই তাদের সদস্যপদ বাতিল করে নতুন সদস্য অন্তর্ভুক্ত করতে হবে এবং যে সকল সমিতি কার্যকর করা সম্ভব নয় তা বাতিল করে নতুন সমিতি গঠন করতে হবে। তবে অবশ্যই জুন/২০১৪ এর মধ্যে নূন্যতম ৩০টি কার্যকর সমিতি হতে হবে যার সদস্য সংখ্যা হবে $৩০ \times ৩০ = ৯০০$ জন। ভোটার আইডি কার্ড এবং কালার ছবি ব্যতিত কোন সদস্য নির্বাচন করা যাবে না এবং পুরাতন যে সকল সদস্যের কালার ছবি ও ভোটার আইডি কার্ড নেই, সে সকল সদস্য থেকে তা সংগ্রহ করতে হবে অন্যথায় পর্যায়ক্রমে তাদের সদস্য পদ বাতিল করতে হবে।



(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)

প্রকল্প পরিচালক (IRESPPW)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় :

১. উপ পরিচালক, বিআরডিবি, জেলা :
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা :, জেলাঃ
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা :, জেলাঃ
৪. মাঠ সংগঠক (ইরেসপো), উপজেলা :, জেলাঃ
৫. পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা।
৮. সংশ্লিষ্ট নথি।